বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
সাভার, ঢাকা-১৩৪৩
www.bpatc.org.bd
পাঠক্রম শাখা

২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) টিমের ১২তম সভার কার্যবিবরণী।

সভাপতি	আবু মমতাজ সাদ উদ্দিন আহমেদ এমডিএস
সভার তারিখ	২৯.০৬.২০২১ খ্রি.
সভার সময়	বিকাল ০৩:০০ টা
স্থান	রেক্টর'স কনফারেন্স রুম ও অনলাইন মাধ্যম।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর APA টিমের সাচিবিক সহায়তা প্রদানকারী সহকারি পরিচালক (রেকর্ড)-কে ২০২০-২০২১ অর্থবছরের কর্মপরিকল্পনা মে/২০২১ পর্যন্ত সময়ের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে তথ্য উপস্থাপনের জন্য জানানো হয়। সহকারি পরিচালক (রেকর্ড) কেন্দ্রের ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) -এর বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সংক্ষেপে সার্বিক চিত্র সভায় উপস্থিত সকল সদস্যকে অবহিত করেন। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১	রাষ্ট্রীয় প্রতিষ্ঠানে নিযুক্ত কর্মচারীদের সক্ষমতার উন্নয়ন	(১) সহকারি পরিচালক (রেকর্ড) সভাকে অবহিত করেন যে, প্রশিক্ষণ বর্ষপঞ্জি ২০২০-২০২১ ও এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী ২টি বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে ৪০০ জন প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদান করতে হবে। কিন্তু এখন পর্যন্ত নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে বিপিএটিসি'র তত্ত্বাবধানে অন্যান্য ৬টি প্রতিষ্ঠানে ৭১তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে ৩০৭ প্রশিক্ষণার্থীকে প্রশিক্ষণ প্রদানের প্রক্রিয়া চলমান রয়েছে যা লক্ষ্যমাত্রার থেকে কম। আবার ৭২তম বুনিয়াদি প্রশিক্ষণ কোর্স ০৬ জুন ২০২১ তারিখে শুরু হলেও চলমান ২০২০-২০২১ অর্থবছরে সম্পন্ন হবেনা। এমতাবস্থায়, কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় নেয়ার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা যেতে পারে। ২) সহকারি পরিচালক (রেকর্ড) সভাকে অবহিত করেন যে, প্রশিক্ষণ বর্ষপঞ্জি ২০২০-২০২১ ও এপিএ লক্ষ্যমাত্রা অনুযায়ী ৫টি এসিএডি আয়োজনের মাধ্যমে ১৫০ জন উপসচিব পর্যায়ের কর্মকর্তা, ৫টি সিনিয়র স্টাফ কোর্স আয়োজনের মাধ্যমে ১২০ জন যুগ্মসচিব পর্যায়ের কর্মকর্তা এবং ৩টি পিপিএমসি আয়োজনের মাধ্যমে ৬০ জন	(১) বুনিয়াদি প্রশিক্ষণ কোর্সে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার প্রেক্ষিতে কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় নেয়ার জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়কে অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (পিপিআর) (২) এসিএডি, এসএসসি ও পিপিএমসি-তে নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রশিক্ষণার্থী মনোনয়ন ও অংশগ্রহণ নিশ্চিতকররের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে।

		অতিরিক্ত সচিব পর্যায়ের কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। কিন্তু মার্চ/২০২১ পর্যন্ত সময়ে ৩টি এসিএডির মাধ্যমে ৬৯ জন, ৩টি এসএসসির মাধ্যমে ৬১ জন করা হয়েছে/হচ্ছে। অপরদিকে উল্লিখিত তারিখ পর্যন্ত কোভিড-১৯ পরিস্থিতির কারনে পিপিএমসি আয়োজন করা সম্ভব হয়নি। এমতাবস্থায়, উল্লিখিত কোর্সসমুহের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রশিক্ষণার্থী মনোনয়ন ও অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে যথাযথ ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানিয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা যেতে পারে।	বাস্তবায়নে: পরিচালক (পিপিআর)
		(৩) SSC এবং ACAD External Expert দ্বারা Review এবং বিপিএটিসি'র প্রাতিষ্ঠানিক সক্ষমতার প্রয়োজনীয়তা নিরীক্ষণ এবং প্রক্ষেপণের বিষয়সমূহ বাস্তবায়নের জন্য চেষ্টা অব্যাহত রয়েছে মর্মে সভায় অবহিত করা হয়। একইসাথে বিষয়টি ভবিষ্যতে অনুষদ সভায় উপস্থাপনের ব্যবস্থা করার নির্দেশনা প্রদান করা হয়।	(৩) SSC এবং ACAD External Expert দ্বারা Review করার পর বিষয়টি ভবিষ্যতে অনুষদ সভায় উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (পিপিআর)/(মূল্যায়ন)
		(৪) পরিচালক (প্রকল্প) অবহিত করেন যে, e-Learning Platform প্রস্তুতকরণের লক্ষ্যে টেন্ডার আহবান করা হয়েছে। তবে e-Learning Platform content প্রস্তুত করা সম্ভব হয়নি। এমতাবস্থায়, সভার সভাপতি দ্রুত টেন্ডার আহবানের উপর গুরুত্বারোপ করেন এবং কাঙ্খিত সময়ের মধ্যে e-Learning Platform প্রস্তুতকরণের যাবতীয় কার্যাদি সম্পাদনের জন্য অনুরোধ করেন।	(৪) কাঙ্খিত সময়ের মধ্যে টেন্ডার আহবানসহ e-Learning Platform প্রস্তুতকরণের যাবতীয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রকল্প)

২	প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি	(ক) পরিচালক (প্রকল্প) সভায় অবহিত করেন যে, প্রস্তুতকৃত ১টি প্রকল্প দলিল মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সংশোধনপূর্বক ইতোমধ্যে জনপ্রশাসন মন্ত্রণালয়ে পুনরায় প্রেরণ করা হয়েছে। ঢাকা আরপিএটিসি'র জন্য নতুন ভবন নির্মানের লক্ষ্যে নতুন আরেকটি প্রকল্প দলিল প্রণয়নের কাজ অব্যাহত রয়েছে। উল্লেখ্য, লকডাউন পরিস্থিতির কারণে PWD-এর কাজ স্থির অবস্থায় রেখেছে। পরিচালক (প্রকল্প) কর্তৃক বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে সভার সভাপতি চলমান প্রকল্প দলিলটি দ্রুততম সময়ের মধ্যে প্রণয়নের বিষয়ে নির্দেশনা দেন। একইসাথে কেন্দ্রে চলমান প্রকল্পসমূহ কাঙ্খিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়নের বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের নির্দেশনা দেন। (খ) সর্বশেষ সভায় অবহিত করা হয় যে, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘর জাতির পিতার সমাধিস্থলের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের পরিদর্শন মন্তব্যের ভলিউমসমূহ স্ক্যান করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মেমোরিয়াল ট্রাস্ট বই আকারে প্রকাশের উদ্যোগ গ্রহণ করেছে। এই অবস্থায়, বই আকারে প্রকাশের পরই একটি কপি সংগ্রহ করে কেবল বিপিএটিসির ই-রিপোজিটরিতে সংরক্ষণ করা যাবে। ৩) সভায় অবহিত করা হয় যে, কেন্দ্রের লাইব্রেরী, শপিং সেন্টার, ব্যাচেলর ডরমিটরি সংস্কারের কাজ চলমান রয়েছে যা এপিএ লক্ষ্যমাত্রায় নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পন্ন করার লক্ষ্যে কার্যক্রম অব্যাহত রয়েছে।	১) জুন/২০২১ এর মধ্যে ২য় প্রকল্প দলিলটি প্রণয়ন এবং কেন্দ্রে চলমান প্রকল্পসমূহ কাঙ্খিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। প্রকল্পের কাজের জন্য PWD-এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। এপিএ'তে অর্ন্তভুক্ত চলমান সকল প্রকল্প কাজের অগ্রগতি আংশিক নম্বর প্রাপ্তির জন্য প্রমানক হিসেবে দাখিল করতে হবে। এছাড়াও মন্ত্রণালয়ে প্রেরিত দলিল সংশ্লিষ্ট চিঠি প্রমাণক হিসেবে দাখিল করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রকল্প) (খ) জাতির পিতার সমাধিস্থল থেকে গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের পরিদর্শন মন্তব্যের ১২টি ভলিউম বই আকারে প্রকাশিত হওয়ার পর একটি কপি সংগ্রহ করে বিপিএটিসি'র ই-রিপোজিটরিতে সংরক্ষণ করতে হবে। একই সাথে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান হতে প্রমানক হিসেবে ডকুমেন্ট সংগ্রহ করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (এলটিএ) ৩) নির্ধারিত সময়সীমার মধ্যে লাইব্রেরী, শপিং সেন্টার, ব্যাচেলর ডরমিটরি সংস্কারের কাজ সম্পন্ন করতে হবে। বাস্তবায়নে: উপপরিচালক (সেবা)
৩	গবেষণা ও প্রকাশনা কার্যক্রম জোরদারকরণ	সভায় জানানো হয় যে, গবেষণা ও প্রকাশনা অনুবিভাগ তাদের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে তাদের কার্যক্রম অব্যাহত রেখেছে। এর প্রেক্ষিতে সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কার্যক্রম জোরদার করার জন্য নির্দেশনা দেন।	নির্ধারিত সময়ের মধ্যে কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কার্যক্রম জোরদার করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (গবেষণা), উপপরিচালক (গবেষণা) ও উপপরিচালক (প্রকাশনা)

৪	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর নির্ধারিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য / লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রতিটি অনুবিভাগ/ অধিশাখা /শাখাকে নির্দেশনা প্রদান	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর নির্ধারিত আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য অংশে বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন এবং অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন প্রভৃতি লক্ষ্যমাত্রা সমুহের কাঙ্খিত বাস্তবায়ন এখনও সম্পন্ন হয়নি। এ প্রেক্ষিতে সভাপতি সংশ্লিষ্ট সকলকে বর্ণিত বিষয়সমুহের লক্ষ্যমাত্রা অর্জনে কার্যকর ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করেন।	১০ম গ্রেড ও তদুর্ধ্ব কর্মচারীকে এপিএ বিষয়ে প্রশিক্ষণ প্রদান, বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন এবং অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন প্রভৃতি ক্ষেত্রে কাঙ্খিত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (পিপিআর), পরিচালক (প্রকল্প) ও উপরিচালক (অর্থ)
৫	২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি - এর চুড়ান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল।	২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি - এর চুড়ান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২০-২০২১ এর চুড়ান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিলের নিমিত্তে কেন্দ্রের এপিএ সংশ্লিষ্ট অনুবিভাগ/ অধিশাখা /শাখাকে হতে প্রমাণকসহ তথ্য সংগ্রহ করে একত্রে সংকলন করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (পিপিআর)

সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

আবু মমতাজ সাদ উদ্দিন আহমেদ
এমডিএস

স্মারক নম্বর: ০৫.০১.২৬৭২.১৩৩.১৮.০৮০.২০.৪

তারিখ: ২৪ আষাঢ় ১৪২৮
০৮ জুলাই ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক, আন্তর্জাতিক কর্মসূচী অনুবিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
২) পরিচালক, প্রশাসন বিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
৩) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), এসটি এ্যান্ড আরসি অনুবিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
৪) পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), গবেষণা ও উন্নয়ন অনুবিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
৫) পরিচালক, লাইব্রেরি ও প্রশিক্ষণ সহায়তা অনুবিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
৬) পরিচালক, প্রকল্প অনুবিভাগ, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
৭) সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), সিস্টেম এনালিস্ট-এর দপ্তর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
৮) উপপরিচালক, পিপিআর অধিশাখা, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)

ড. মোঃ মহসীন আলী
পরিচালক